বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা
সংস্থাপন ও নিয়োগ শাখা।

**নম্বর:** ২৪.০৪.০০০০.০০০.২০৫.১৩.০০০৬.২৫.৭১

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

সংস্থার ০৪-০৮-২০২৫ তারিখের দপ্তর আদেশ সূত্র নং ২৪.০৪.০০০০.০০০.২০৫.১৩.০০০১.২১.১৬১ এর মাধ্যমে জনাব মো: রফিকুল ইসলাম, প্রাক্তন অফিস সহায়ক কে তার জন্ম তারিখ ১২-১২-১৯৬৪ অনুযায়ী ১১-১২-২০২৩ তারিখ ৫৯ বছর পূর্তিহেতু ১২-১২-২০২৩ তারিখ হতে অবসর-উত্তর ছুটি (পিআরএল) প্রদান করা হয়। উক্ত দপ্তর আদেশ এর অনুবৃত্তিক্রমে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্তভাবে তার অবসরোত্তর পাওনাদি পরিশোধের অনুমোদন প্রদান করা হলো:

০২। জনাব মো: রফিকুল ইসলাম চাকুরীতে স্থায়ী হওয়ার তারিখ ২৮-০৮-১৯৮১ হতে নিম্নোক্তভাবে কর্মরত ছিলেন:

| প্রতিষ্ঠানের নাম | কর্মকাল | | অবসরোত্তর ছুটি |
|---|---|---|---|
| | হতে | পর্যন্ত | |
| নবারুন জুট মিলস্ লি: | ২৮-০৮-১৯৮১ | ২১-০১-২০০২ | ১২-১২-২০২৩ **হতে** ১১-১২-২০২৪ **পর্যন্ত** |
| ইউএমসি জুট মিলস্ লি: | ২২-০১-২০০২ | ১৫-০৭-২০১৪ | |
| বিজেএমসি প্রধান কার্যালয় | ১৬-০৭-২০১৪ | ১১-১২-২০২৩ | |

০৩। দায়-দেনা:

জনাব মো: রফিকুল ইসলাম এর নামে কোন বিভাগীয় মামলা অমিমাংসিত নাই, অভ্যন্তরীণ ও বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি পাওয়া যায় নাই। বিভাগীয় ছাড়পত্র মোতাবেক বাস সাবস্ক্রিপশন বাবদ ১,৮০৬.০০ টাকা তার নিকট হতে কর্তন/সমন্বয়যোগ্য।

০৪। ছুটি নগদায়ন ও ল্যাম্প এনক্যাশমেন্ট:

জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনু: ৯ এর উপ ২(খ) বিধান অনুযায়ী একজন কর্মচারীর নগদায়নযোগ্য ছুটি ১৮ (আঠারো) মাস অর্থাৎ ৫৪৭ দিন। জনাব মো: রফিকুল ইসলাম তার চাকুরীকালীন ১৯০ দিন ছুটির নগদীকরণ সুবিধা ভোগ করেছেন। তার চাকুরী জীবনে নগদায়ন ও ভোগকৃত ছুটি বাদ দিয়ে অর্জিত ছুটির পরিমাণ ৯৪৮ দিন। ৩৬৫ দিন অবসরোত্তর ছুটি প্রদানের পর অর্জিত ছুটি জমার পরিমাণ (৯৪৮-৩৬৫)=৫৮৩ (পাঁচশত তিরাশি) দিন। চাকুরীকালীন ১৯০ দিন ছুটির নগদীকরণ সুবিধা ভোগ করায় অবশিষ্ট (৫৪৭-১৯০)= ৩৫৭ দিন ছুটির নগদীকরণ এবং নিয়মানুযায়ী ল্যাম্প এ্যানক্যাশমেন্ট সুবিধা প্রাপ্য। নগদায়নকৃত ছুটির তথ্য নিম্নরূপ:

| নগদায়নের তারিখ | মোট দিন | মূল বেতন (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১৮-০১-১৯৮৬ | ২৫ দিন | ৫৬০.০০ | |
| ২১-১০-১৯৯০ | ৪৫ দিন | ৭২৫.০০ | |
| ১০-০৫-২০১৬ | ৬০ দিন | ১২,০৯০.০০ | |
| ২৩-০২-২০২০ | ৬০ দিন | ১৪,৭২০.০০ | |
| মোট | ১৯০ দিন | | |

০৫। জনাব মো: রফিকুল ইসলাম এর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রতি বছর জুলাই মাসের ০১ তারিখ (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)। তিনি পিআরএল থাকাকালীন (১২-১২-২০২৩ হতে ১১-১২-২০২৪ তারিখ পর্যন্ত) স্বাভাবিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন। জাতীয় বেতন স্কেল'২০১৫ অনুযায়ী তার সর্বশেষ মূল বেতন ১৮,৮২০.০০ টাকা নির্ধারণ করা হলো যা শুধুমাত্র আনুতোষিক প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৬। জনাব মো: রফিকুল ইসলাম এর চাকুরীতে স্থায়ী নিয়োগের তারিখ ২৮-০৮-১৯৮১। তার জন্ম তারিখ ১২-১২-১৯৬৪ হওয়ায় চাকুরীতে যোগদানকালীন তার বয়স ১৬ বছর ০৮ মাস ১৪ দিন। তার বয়স ১৮ বৎসর পূর্তির তারিখ থেকে তার গ্রাচুইটি প্রদানের হিসাব গননা করতে হবে। বয়স ১৮ বৎসর পূর্তির তারিখ ১২-১২-১৯৮২ হতে ১১-১২-২০২৩ তারিখ পর্যন্ত মোট চাকুরীকাল ৪১ বৎসর ০০ মাস ০০ দিনের জন্য ৪১টি (একচল্লিশ) পূর্ণ বৎসরে তিনি ৪১×২= ৮২ টি মূল বেতনের সমপরিমান টাকা আনুতোষিক হিসেবে প্রাপ্য। সে মোতাবেক তিনি জাতীয় বেতন স্কেল ২০১৫ এর আওতায় সর্বশেষ মূল বেতন ১৮,৮২০.০০ টাকা হিসেবে (১৮,৮২০.০০×৪১×২)= ১৫,৪৩,২৪০.০০ (পনেরো লক্ষ তেতাল্লিশ হাজার দুইশত চল্লিশ) টাকা আনুতোষিক হিসেবে প্রাপ্য হবেন। চাকুরী স্থায়ীকরণের তারিখ: ২৮-০৮-১৯৮১ হতে বয়স ১৮ বৎসর পূর্তির তারিখ ১১-১২-১৯৮২ পর্যন্ত অতিরিক্ত কর্মকালিন শুধুমাত্র মজুরী প্রদান করতে হবে তবে পিএফ কর্তন করা হলে তার নিজের অংশ ফেরত প্রদান করতে হবে।

০৭। জনাব মো: রফিকুল ইসলাম, প্রাক্তন অফিস সহায়ক এর চুড়ান্ত পাওনাদির বিবরণ নিম্নরুপ:

| ক্র: নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ক | সর্বশেষ ১টি বার্ষিক বেতন বৃদ্ধিসহ মূল বেতন ১৮,৮২০.০০ টাকা হিসেবে আনুতোষিক বাবদ প্রাপ্য (১৮,৮২০.০০×৪১×২)= | ১৫,৪৩,২৪০.০০ |
| খ | বিভাগীয় ছাড়পত্র মোতাবেক বাস সাবস্ক্রিপশন বাবদ ১,৮০৬.০০ টাকা কর্তন/সমন্বয়যোগ্য। | (-)১,৮০৬.০০ |
| গ | আনুতোষিক বাবদ সর্বমোট চুড়ান্ত পরিশোধযোগ্য অর্থ | ১৫,৪১,৪৩৪.০০<br>(পনেরো লক্ষ একচল্লিশ হাজার চারশত চৌত্রিশ টাকা) |

০৮। জনাব মো: রফিকুল ইসলাম, প্রাক্তন অফিস সহায়ক এর নামে ভবিষ্যতে কোন দায়-দেনার উদ্ভব হলে তিনি তা বহনে বাধ্য থাকবেন, এ মর্মে সংস্থার নিয়ম মোতাবেক ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা গ্রহণ করা হয়েছে যা কো-লেটারেল হিসাবে গণ্য হবে। অঙ্গিকারনামায় তার ব্যক্তিগত বৃত্তান্তসহ স্থাবর/অস্থাবর সম্পদের বিবরণ প্রদান করেছেন এবং সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক করপোরেশনের সকল শাখা/বিভাগ হতে "নি:দাবী সনদপত্র" গ্রহণ করা হয়েছে।

০৯। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো। ভবিষ্যতে এ সংক্রান্ত কোন ভুল ভ্রান্তি সংশোধনযোগ্য।

সংযুক্তি:

১। অঙ্গিকার নামার ছায়ালিপি।

২। বিভাগীয় ছাড়পত্রের ছায়ালিপি।

০৫-০৪-২০২৬
মোঃ মামনুর রশিদ
মহাব্যবস্থাপক(প্রশাসন ও সাঃ সেবা)

নম্বর: ২৪.০৪.০০০০.০০০.২০৫.১৩.০০০৬.২৫.৭১/১ (১০)

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)/সচিব, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড ট্রাষ্ট, বিজেএমসি, ঢাকা।
২। প্রধান চিকিৎসা কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
৩। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা (সংস্থার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। উপ-মহাব্যবস্থাপক (বীমা), বিজেএমসি, ঢাকা।
৫। ব্যবস্থাপক (সাধারণ সেবা), বিজেএমসি, ঢাকা।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৭। পরিচালক (অর্থ) মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৮। মুখ্য পরিচালন কর্মকর্তা মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৯। জনাব মো: রফিকুল ইসলাম, প্রাক্তন অফিস সহায়ক, বিজেএমসি, ঢাকা এবং
১০। অফিস/ব্যক্তিগত, মাস্টার নথি।

০৫-০৪-২০২৬
মোঃ মামনুর রশিদ
মহাব্যবস্থাপক(প্রশাসন ও সাঃ সেবা)